গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫), গাইবান্ধা জেলা -এর কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| প্রধান অতিথি | : | জনাব যাদব সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা। |
| বিশেষ অতিথি | : | মোহাম্মদ শফিকুল ইসলাম, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা। |
| তারিখ | : | ২০-০১-২০২৬ খ্রি. |
| সময় | : | দুপুর ০২:০০ - বিকাল ০৫:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। |

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও মূল কার্যক্রমগুলো সংক্ষেপে তুলে ধরেন। সভাপতির অনুরোধক্রমে প্রোগ্রাম ম্যানেজার জনাব জেসিকা গমেজ বিগত সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপন করেন। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের সার্বিক অগ্রগতি | সভায় প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি ও গাইবান্ধা জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়। | কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের আওতা বৃদ্ধি | স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রমকে আরও বিস্তৃত করতে প্রকল্পের আওতাধীন উপজেলাসমূহে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে যুক্ত কৃষক গ্রুপগুলোকে এই কার্যক্রমে অন্তর্ভুক্ত করার বিষয়টি উল্লেখ করা হয়। পাশাপাশি, স্থানীয় কৃষি কর্মকর্তাদেরও আগাম সতর্কবার্তা প্রচারের আওতায় আনার সুপারিশ করা হয়।<br><br>এছাড়া কৃষক গ্রুপগুলোকে দুর্যোগ মোকাবেলায় তথ্য-প্রযুক্তি ব্যবহারে আরও দক্ষ ও সক্রিয় করতে স্মার্ট ফোন ব্যবহারের উপর প্রশিক্ষণসহ ইন্টারনেট ডাটা প্যাকেজ প্রদানের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি, বন্যার সময় বন্যাক্রান্ত মানুষকে আশ্রয়কেন্দ্রে স্থানান্তর এবং আশ্রয়কেন্দ্রে সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিতের ক্ষেত্রে নানা চ্যালেঞ্জ থাকায় অস্থায়ী | ক) স্থানীয় (জেলা/ উপজেলা/ ব্লক/ ইউনিয়ন) পর্যায়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের তথ্য ও কৃষক গ্রুপের সদস্যদের তথ্য মোবাইল নম্বরসহ সংগ্রহের জন্য জেলা কৃষি কর্মকর্তদের পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) প্রকল্প এলাকার জেলা ও উপজেলা কৃষি কর্মকর্তাদের ভয়েস মেসেজের আওতায় আনতে হবে।<br><br>গ) কৃষক গ্রুপকেও (সম্ভব হলে) ভয়েস মেসেজের আওতায় আনতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কোঅর্ডিনেটর, কমিউনিকেশন অফিসার ও ফিল্ড ফ্যাসিলিটেটর |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বাসস্থানের (যেমন- তাঁবু) ব্যবস্থা করার বিষয়গুলো উল্লেখ করা হয়। এপ্রসঙ্গে প্রকল্প সমন্বয়ক জানান, প্রকল্পের ডিডিএম কম্পোনেন্টের অধীনে এধরনের কার্যক্রমের সংস্থান নেই, তবে এলজিইডি কর্তৃক বাস্তবায়িত অংশের আওতায় প্রকল্প এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। | | |
| ০৩। | বিবিধ | বিগত ত্রৈমাসিক সভায় উল্লেখিত গাইবান্ধা শহর ও সদর এলাকায় জলাবদ্ধতা পরিস্থিতি নিয়ন্ত্রণে স্লুইস গেটগুলো নিয়মিত তদারকি ও রক্ষণাবেক্ষণ করার বিষয়টি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভায় দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় উপস্থিত পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা জানান, একটি স্লুইস গেটের মেরামতের কাজ চলমান রয়েছে। বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে অন্য স্লুইস গেটগুলো পর্যায়ক্রমে মেরামত করা হবে।<br>সমাপনী বক্তব্যে প্রকল্প সমন্বয়ক স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা ও প্রচার ব্যবস্থার উন্নয়ন প্রসঙ্গে উল্লেখ করেন যে, প্লাবন মানচিত্র প্রণয়নের টুলটি আরও পরীক্ষা ও ক্যালিব্রেশন করা প্রয়োজন, যা প্রকল্পের মেয়াদ শেষ হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। | | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১৭ তারিখ: ০৫-০২-২০২৬ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
৯। উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, ঢাকা।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
১১। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
১২। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১৩ টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৪। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। ফিল্ড ফ্যাসিলিটেটর, গাইবান্ধা, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২১। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

05/02/2022

**(মোহাম্মদ হাফিজুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
সহকারী পরিচালক (জিআইএস, চ.দা.)